

আপনার শিশুর টিকাদান সম্পর্কিত একটি গুরুত্বপূর্ণ স্বাস্থ্য বার্তা পড়ুন

ইনগতভাবে অন্টারিও ভ্যাকসিনেশন সিডিউল অনুসারে পিল পাবলিক হেলথ-এর কাছে অবশ্যই মাগ থাকতে হবে যে আপনার শিশুকে সবগুলো প্রতিষেধক দেয়া হয়েছে। আপনার শিশুর টিকাদান কার্ড পিল পাবলিক হেলথ-এর কাছে নেই অথবা আপনার শিশুর রেকর্ডে দেখা যাচ্ছে যে তার কাদান অন্টারিও-এর প্রয়োজনীয় চাহিদা পূরণ করছে না।

আপনার পারিবারিক চিকিৎসক আপনার শিশুর টিকাদান সম্পর্কিত তথ্য পিল পাবলিক হেলথকে বহিত করেননি। একজন পিতা/মাতা (অথবা অভিভাবক) হিসেবে আপনাকে অবশ্যই আপনার শিশুর টিকাদান রেকর্ড আমাদের অবহিত করতে হবে।

য়োজনীয় টিকাদান

৮ বছরের নিচে সব শিশুকেই নিচের রোগগুলোর জন্য টিকা বা বুস্টার শট নিতে হবে:

- ডিপথেরিয়া
- পোলিও
- টিটেনাস
- হাম
- পনসিকা
- রুবেলা (জার্মান হাম নামেও পরিচিত)

শিশুদের অবশ্যই সঠিক সময়ে সঠিক টিকা নিতে হবে।

আপনার শিশুর টিকাদান রেকর্ড প্রদান

আপনার শিশুর টিকাদান হালনাগাদ হয়ে থাকলে দয়া করে তা পিল পাবলিক হেলথকে নিম্নলিখিত ভাবে জানান।

- আমাদের ৯০৫-৭৯৯-৭৭০০ নম্বরে ফোন করুন। আপনি যদি চান তাহলে আমরা আপনার জন্য একজন দোভাষীর ব্যবস্থা করতে পারি। আপনি যদি ক্যালেডনে বসবাস করেন তাহলে ফোন করুন ৯০৫-৫৮৪-২২১৬ নম্বরে।
- অন লাইনে www.immunizepeel.ca
- ডাকযোগে অথবা সরাসরি প্রেরণ করুন:

Peel Public Health,
7120 Hurontario Street,
P.O. Box 630
Mississauga, ON L5M 2C5

যদি আপনি রেকর্ডটি ডাকযোগে প্রেরণ করেন তাহলে নিশ্চিত হোন যে আপনি এর একটি কপি পাঠাচ্ছেন-মূল কপি নয়। যদি আপনি রেকর্ডটি সরাসরি নিয়ে আসেন তাহলে মূল কপিটি সঙ্গে আনুন এবং আমরা আমাদের ফাইলের জন্য একটি কপি করে রাখব।

আপনার শিশুর টিকাদান হালনাগাদকরণ

যদি আপনার শিশুর টিকা প্রয়োজন হয়:

- 1) আপনার পারিবারিক চিকিৎসকের সাথে টিকাদানের জন্য একটি সাক্ষাৎকারের ব্যবস্থা করুন অথবা কাছাকাছি কোন ক্লিনিকে যান।
- 2) আপনার শিশুর টিকাদান হয়ে গেলে সে তথ্য যত তাড়াতাড়ি সম্ভব পিল পাবলিক হেলথে প্রেরণ করুন।

স্কুলে যাওয়ার অনুমতি

যে সকল ছাত্রের টিকাদান রেকর্ড সাম্প্রতিক নয় তাদের স্কুলে যাওয়ার অনুমতি নাও দেয়া হতে পারে। পিল পাবলিক হেলথ এটা না হওয়ার জন্য আপনার শিশুর রেকর্ড হালনাগাদ করার ব্যাপারে আপনাকে সাহায্য করবে।

কানাডার বাইরে টিকাদান

পিল পাবলিক হেলথ ছাত্রদের টিকাদান রেকর্ড বিনামূল্যে ইংরেজিতে অনুবাদ করে দেবে। আপনার শিশুর রেকর্ড অনুবাদ করার ব্যবস্থা করতে আমাদেরকে ৯০৫-৭৯৯-৭৭০০ নম্বরে ফোন করুন। আপনি যদি ক্যালোডনে বসবাস করেন তাহলে ফোন করুন ৯০৫-৫৮৪-২২১৬ নম্বরে।

OHIP কার্ড নেই?

যদি আপনার শিশুর অন্টারিও হেলথ কার্ড (OHIP) না থেকে থাকে তাহলে আমরা তাকে বিনামূল্যে টিকা দেব।

সাক্ষাৎকারের ব্যবস্থা করার জন্য পিল পাবলিক হেলথকে ৯০৫-৭৯৯-৭৭০০ নম্বরে ফোন করুন। আপনি যদি ক্যালোডনে বসবাস করেন তাহলে ফোন করুন ৯০৫-৫৮৪-২২১৬ নম্বরে।

প্রতিষেধক আপনার শিশুকে রক্ষা করে

- প্রতিষেধক শিশুদের মারাত্মক ছোঁয়াচে রোগ থেকে রক্ষা করে।
- তার সারাজীবন ধরে তাকে টিকাদান অব্যাহত রাখুন।
- আপনার শিশু প্রতিবার টিকা নেয়ার পর তার প্রতিষেধক রেকর্ড পিল পাবলিক হেলথে প্রেরণ করুন।

যদি আপনার কিছু জানার থাকে তাহলে দয়া করে আমাদের ৯০৫-৭৯৯-৭৭০০ নম্বরে ফোন করুন। আপনি যদি ক্যালোডনে বসবাস করেন তাহলে ফোন করুন ৯০৫-৫৮৪-২২১৬ নম্বরে। আমাদের একজন এজেন্ট আপনি যে ভাষায় কথা বলেন প্রয়োজন হলে একজন দোভাষী সাথে নিয়ে আপনার সাথে কথা বলবে।

ধন্যবাদ

প্রতিষেধক রেকর্ড টিম
পিল পাবলিক হেলথ